দৈনিক ইত্তেফাক

তারিখ 07 JUN 1997
পৃষ্ঠা ৫ কলাম ১

৫

# বৃত্তির নামে চৌর্যবৃত্তি!

চৌমুহনী সংবাদদাতা ॥ তৃতীয় হইতে নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের মধ্যে শিক্ষাবৃত্তি প্রদানের নাম করিয়া একটি সংস্থার নামে কতিপয় ব্যক্তি বিপুল অঙ্কের টাকা হাতাইয়া নিয়াছে।

১৯৯৫ সনে চৌমুহনীতে অবস্থিত কতিপয় ব্যক্তি বেগমগঞ্জ উন্নয়ন সংস্থা নামে একটি ভুয়া প্রতিষ্ঠানের নামে শিক্ষা বৃত্তি প্রদানের কথা ঘোষণা করে। ঘোষণা অনুযায়ী, ৩য় হইতে নবম শ্রেণী পর্যন্ত প্রত্যেক শ্রেণীতে ১৫ জনকে বৃত্তি প্রদান করা হইবে এবং তার জন্য প্রত্যেক প্রার্থীকে ৩০ টাকা করিয়া পরীক্ষার ফি জমা দিতে হইবে। ইহার প্রেক্ষিতে নোয়াখালী ও লক্ষ্মীপুর জেলা হইতে ৫/৬ হাজার ছাত্র-ছাত্রী পরীক্ষার ফি জমা দেয়। পরে চৌমুহনী টেকনিক্যাল হাইস্কুলে বৃত্তি প্রতিযোগীদের মধ্যে লিখিত পরীক্ষাও অনুষ্ঠিত হয়। ইহার পর হইতে যে সব লোক বেগমগঞ্জ উন্নয়ন সংস্থার কর্মকর্তা সাজিয়াছে তাহাদেরও কোন হদিস পাওয়া যাইতেছে না বলিয়া অভিভাবকদের পক্ষ হইতে অভিযোগ পাওয়া গিয়াছে।